বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও,শেরেবাংলা নগর
ঢাকা - ১২০৭
www.btcb.gov.bd

তারিখঃ ১১-০৮-২০১৬ খ্রি.

স্মারক নং বাকাশিবো/প্রঃ/২০১৬/৩২৭

বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের ১০-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে আগামী ০৩. সেপ্টেম্বর, ২০১৬ তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

উক্ত অনুষ্ঠানে সকল শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, কমিউনিটি নেতা, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিতকরে জঙ্গিবিরোধী কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল ।

উল্লেখ্য যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০২.০৮.২০১৬ তারিখের পত্রে উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হলো .

(মোঃ নায়েব আলী মন্ডল)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোন ঃ ৯১১৫৪২৮ (অফিস)

সংযুক্ত ঃ ১ । প্রধানমন্ত্রী কার্যালয়ের ০২.০৮.২০১৬ তারিখের পত্রের কপি-০১ পাতা ।
২ । শিক্ষা মন্ত্রণালয়ের ১০.০৮.২০১৬ তারিখের পত্রের কপি-০১ পাতা ।

স্মারক নং বাকাশিবো/প্রঃ/২০১৬/৩২৭(১১)

তারিখঃ ১১-০৮-২০১৬খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল ।

১-৬ । সচিব/ পরিচালক(আইটিসি)/পরিদর্শক/পরিচালক(কারিকুলাম)/প্রকল্প পরিচালক/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৭ । সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
(বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ জানানো হলো)
৮ । পরিচালক/অধ্যক্ষ/প্রধান শিক্ষক -- ।
(অত্র বোর্ডের অধীন সকল প্রতিষ্ঠান প্রধানগণ) ।
৯ । উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
১০ । চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
১১ । অফিস আদেশ নথি ।

(আলমগীর হোসেন)
উপ-সচিব (প্রশাসন)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭ ।
ফোন ঃ ৫৮১৫৩৫৬৫ (অফিস)

F:\Delowar\Office Biggopti.doc

গোপনীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭৯.০১৮.০১২.০৩.২০১৬-৫৫০

তারিখ ১৮ শ্রাবণ ১৪২৩
০২ আগস্ট ২০১৬

বিষয়: **সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে কার্যক্রম গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের আলোকে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলোঃ

১. সরকারি-বেসরকারি স্কুল,কলেজ ও বিশ্ববিদ্যালয় সহ সকল শ্রেণীর মাদ্রাসায় নিয়মিত ও বাধ্যতামূলকভাবে সংস্কৃতিক কর্মকান্ড, খেলাধুলা, স্কাউটিং ও সময় ভিত্তিক বিভিন্ন ধরনের সৃজনশীল কর্মকান্ড ভিত্তিক প্রতিযোগিতার আয়োজন নিশ্চিত করতে হবে।

২. কোন শিক্ষা প্রতিষ্ঠানে ২ সপ্তাহের বেশী সময় যৌক্তিক কারণ ব্যতিত কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে তার তথ্যাদি নিয়মিত পরিবীক্ষণ করতে হবে।

৩. শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অভিভাবক-শিক্ষক, ছাত্র-ছাত্রী সমন্বয়ে অভিভাবক সমাবেশ আয়োজন করা এবং নিয়মিত জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করা সহ দৈনন্দিন প্রাত্যহিক সমাবেশে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী কাউন্সিলিং করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪. স্কুল-কলেজ-মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয় গুলোতে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী নিয়মিত এডভোকেসি করার উদ্যোগ নিতে হবে।

৫. সন্ত্রাস-জঙ্গিবাদ, মাদকতা ইত্যাদি প্রতিরোধে একটি স্ট্যান্ডার্ড ফর্মে অভিভাবকদের করনীয় , ছাত্র-ছাত্রীদের জন্য করনীয় ও বর্জনীয় এবং শিক্ষক- অভিভাবকদের জন্য অনুসরণীয় নির্ধারণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টানিয়ে দেয়ার ব্যবস্থা নিতে হবে।

৬. সন্ত্রাস ও জঙ্গিবাদকে আদর্শগত ভাবে মোকাবেলার জন্য প্রয়োজনীয় কর্ম কৌশল প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করতে হবে।

৭. মাদ্রাসা ও ইংরেজী মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানের কারিকুলাম সহ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার কারিকুলামে যাতে মুক্তিযুদ্ধের চেতনা ও দেশাত্ববোধ সৃষ্টির উপকরন থাকে এবং কোমলমতি শিক্ষার্থী কর্তৃক সন্ত্রাস-জঙ্গিবাদে উৎসাহিত হওয়ার কোন উপকরন না থাকে তা নিশ্চিত করতে হবে। শিক্ষার কারিকুলামে মানবিকতা বোধ সৃষ্টির উপাদান সংযুক্ত করা সহ শিক্ষার বিভিন্ন ধারাগুলোকে যতদুর সম্ভব একীভূত করার উদ্যোগ নিতে হবে।

০২। এ বিষয়ে যথাযথ কর্মপরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল এবং প্রতিমাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরনের জন্য অনুরোধ করা হল।

ফরিদ আহাম্মদ
পরিচালক-১২
ফোন ৯১৩৭৪৬০/ফ্যাক্স ৯১১১৩১২
ই-মেইল dir12@pmo.gov.bd

জনাব মোঃ সোহরাব হোসাইন
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Internal Home letter-12

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৪ (সমন্বয়)
www.moedu.gov.bd.

পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
সিস্টেম এনালিস্ট
উপ সচিব
ব্যক্তিগত কর্মকর্তা

নং-৩৭.০০.০০০০.০৬৫.৪১.০৬৭.১৬-৪২২

তারিখ: ২৫ শ্রাবণ, ১৪২৩
১০ আগস্ট ২০১৬

বিষয়: আগামী ৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংগিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংগিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন করতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ এ কার্যক্রম বাস্তবায়নের সার্বিক উদ্যোগ গ্রহণ করবেন।

০২. উক্ত আয়োজিতব্য সভায় জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করতে হবে। একই সাথে নিয়মিতভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান-ক্রীড়ানুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইড্‌স কার্যক্রম বৃদ্ধি করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষাবান্ধব পরিবেশ তৈরীর বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে।

০৩. আয়োজিতব্য এ সভায় সকল শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, Community leader, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

০৪. জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে এবং ইউ.জি.সি. কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়সমূহে এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন।

০৫. এমতাবস্থায়, আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংগিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন নিশ্চিতকরণের জন্য তাঁর অধিক্ষেত্রাধীন প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০.৮.১৬

(মোঃ আখতারউজ-জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ইমেইল-: sas_s4@moedu.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)..........................
৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)....................................

সচিব মহোদয়ের দপ্তর
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ক্রমিক নং......২২৫৬..........
স্বাক্ষর ও তারিখ.....

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক-১ ও ২, কারিগরি, মাদ্‌রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[পত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।